**জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার**

**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
মাগুরা

স্মারক নং- ০৫.৪৪.৫৫০০.০০১.০০.০৩২.২৩. ৩০৩

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

## কতিপয় নৌ-যান ও যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল অনুসারে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে মাগুরা জেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩.৮৩০ ও ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩.৮৩১ নং স্মারক, নৌপরিবহন মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৮.০০.০০০০.০১৯.১৮.০৩৯.২২.২৯৭ নং স্মারক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১.৮৭৪ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা** পর্যন্ত মাগুরা জেলায় নিম্নলিখিত নৌ-যান ও যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) লঞ্চ | (২) ইঞ্জিন বোট (নির্দিষ্ট রুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি | (৩) ট্যাক্সি ক্যাব | (৪) পিক আপ | (৫) মাইক্রোবাস | (৬) ট্রাক |

০২। সেই সাথে **০৫ জানুয়ারি ২০২৪** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০৮ জানুয়ারি ২০২৪** তারিখ মধ্যরাত পর্যন্ত মাগুরা জেলায় মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। নৌ-যান চলাচল সংক্রান্ত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূরপাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৪। যানবাহন চলাচল সংক্রান্ত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ০১ টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ০১টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্ত:জেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ন সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল থাকবে।

৩১.১২.২০২৩

জেলা প্রশাসক, মাগুরা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
(সংসদীয় আসন ৯১ ও ৯২)
ফোন: ০২৪৭৭৭-১০৩০১

স্মারক নং- ০৫.৪৪.৫৫০০.০০১.০০.০৩২.২৩. ৩০৬

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
০৬। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৮। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৯। পুলিশ সুপার, মাগুরা।
১০। পরিচালক, ৫৮ বিজিবি, মহেশপুর, ঝিনাইদহ।
১১। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, শ্রীপুর/মাগুরা সদর/ মহম্মদপুর/শালিখা, মাগুরা।
১৩। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, মাগুরা সদর, মাগুরা।
১৪। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
১৬। জেলা নির্বাচন অফিসার, মাগুরা।
১৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাগুরা।
১৮। জেলা তথ্য অফিসার, মাগুরা (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
১৯। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, মাগুরা ( গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২০। অফিসার-ইন-চার্জ, মাগুরা সদর/শ্রীপুর/শালিখা/মহম্মদপুর থানা, মাগুরা।
২১। সভাপতি / সম্পাদক, মাগুরা প্রেসক্লাব, মাগুরা।
২২। নোটিশ বোর্ড।

৩১.১২.২০২৩

জেলা প্রশাসক, মাগুরা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
(সংসদীয় আসন ৯১ ও ৯২)